অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল দ্বিতীয় বার্ষিক নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসিবিলিটি কর্মশক্তি সিম্পোজিয়াম ঘোষণা করলেন

বর্তমান DEIA দৃশ্যপট এবং উদীয়মান ধারা সম্পর্কে কৌশল স্থির করতে DEIA প্র্যাকটিশনিয়ার এবং স্টেটের এজেন্সিসমূহের নেতৃবৃন্দকে সম্মেলনটি একত্রিত করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের দ্বিতীয় বার্ষিক বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসিবিলিটি কর্মশক্তি সিম্পোজিয়াম (Diversity, Equity, Inclusion, and Accessibility Workforce Symposium) ঘোষণা করেছেন। বর্তমান বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসিবিলিটি (Diversity, Equity, Inclusion, and Accessibility, DEIA) দৃশ্যপট এবং উদীয়মান ধারা সম্পর্কে কৌশল স্থির করতে DEIA প্র্যাকটিশনিয়ার এবং স্টেটের এজেন্সিসমূহের নেতৃবৃন্দকে সিম্পোজিয়ামটি একত্রিত করবে

"বৈচিত্র্য হলো নিউ ইয়র্কের সবথেকে বড় শক্তি, এটি সামাজিক ন্যায়বিচারের আমাদের ইতিহাস এবং নাগরিক অধিকারের প্রতি আমাদের অন্তর্নিহিত প্রতিশ্রুতিতে মূর্ত," **গভর্নর হোকল বলেন।** "পুরো দেশে DEIA প্রয়াসসমূহকে আক্রমণ করা হচ্ছে, এই সময়ে স্টেটের ইতিহাসের সবথেকে বৈচিত্র্যময় প্রশাসন গঠনে এবং নিউ ইয়র্কবাসীর জন্য আরো সমতার এবং আরো অন্তর্ভুক্তিকর ভবিষ্যৎ পাকাপোক্ত করার ব্যাপারে আমরা মনোযোগ প্রদান করছি।"

"নিজেদের সরকারে নিজেদের প্রতিনিধি দেখতে পারা নিউ ইয়র্কবাসীর প্রয়োজন," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "সকল নিউ ইয়র্কবাসীর পক্ষে, আমাদের স্টেটের বৈচিত্র্য বরণ করা এবং বলীয়ান করা, এবং আমরা যাতে সর্বদা নতুন ধারণা ও নতুন বক্তব্যকে স্বাগত জানাতে পারি তার জন্য প্রয়োজনীয় DEIA কথোপকথন অব্যাহত রাখার ব্যাপারে আমি বিশেষভাবে প্রতিশ্রুতিবদ্ধ, এভাবেই আমরা আরো বলীয়ান, আরো সংযুক্ত নিউ ইয়র্ক তৈরি করবে পারবো।"

গভর্নরের প্রধান বৈচিত্র্য কর্মকর্তা জুলিসা গুটিয়েরেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট শুধু আজকের সমস্যায় সাড়াদান করছে না বরং অন্তর্ভুক্তিমূলক শাসনের জন্য একটি সাহসী নতুন মানদণ্ড স্থির করছে। আমাদের বৈচিত্র্যময় সম্প্রদায়সমূহের শক্তি ও সমৃদ্ধির প্রতিফলন করে এমন একটি সরকার গঠন করার জন্য আমরা নিবেদিত,

যেখানে ব্যবস্থাসমূহ ন্যায্য হবে, সুযোগ সমতার হবে, এবং সকল চাকরিজীবীর জন্য স্থান থাকবে। আজকের দ্বিতীয় বার্ষিক নিউ ইয়র্ক স্টেটের DEIA সিম্পোজিয়ামটি হলো আমাদের প্রয়াসের শক্তিবৃদ্ধি করা, আমাদের প্রতিশ্রুতিকে আরো গভীর করা, এবং আমরা যে মানুষদের সেবাদান করি তার সত্যিকারের প্রতিফলন হবে এমন একটি কর্মশক্তি গঠন অব্যাহত রাখার ক্ষেত্রে আমাদের জন্য একটি মুহূর্ত।"

গভর্নরের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি অফিসের (Governor's Office of Diversity and Inclusion) নেতৃত্বে, সারাদিনের সশরীরে উপস্থিত হওয়ার ইভেন্টটিতে থাকবে দক্ষ বক্তা, কর্মশালা, পুরস্কার প্রদান, সুস্থতার সুযোগ এবং কৌশলী সম্পর্ক গঠন। উদ্বোধনী সিম্পোজিয়ামের সাফল্যের উপর ভিত্তি করে এই বছরের সিম্পোজিয়ামে DEIA এর বর্তমান আইনি দৃশ্যপটের উপর একটি প্লেনারি রয়েছে এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেটের DEIA উদ্যোগসমূহ কার্যকর এবং টেকসই তা নিশ্চিত করার জন্য বর্তমান চাহিদা ও DEIA এর উদীয়মান ধারা সম্পর্কিত পাঁচটি কর্মশালা রয়েছে:

- DEIA প্রয়াসের জন্য নেতৃত্বের বাই-ইন তৈরি করা
- সর্বত্র সমতার সম্প্রসারণ করা
- DEIA এর সাথে ট্রমা অবগত পন্থা সমন্বিত করা
- স্ব-সেবার মাধ্যমে DEIA এর দায়বদ্ধতা বলীয়ান করা
- DEIA প্র্যাকটিশনিয়ারদের জন্য একটি সম্প্রদায়ের অনুশীলন তৈরি করা DEIA প্র্যাকটিশনিয়ারদের জন্য পরবর্তী ধাপ কী এবং কাজ কীভাবে আবর্তিত হচ্ছে?

পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটে DEIA উদ্যোগ অগ্রসর করার ক্ষেত্রে অসাধারণ অবদান রেখেছে এমন একটি স্টেট এজেন্সি, একজন এজেন্সির প্রধান, এবং একজন DEIA প্র্যাকটিশনিয়ারের অর্জনকে স্টেট স্বীকৃতি প্রদান করেছে। এই পুরস্কার তাদের উদযাপন করেছে যারা মেধার নিয়োগ ও ধরে রাখা, একটি অন্তর্ভুক্তিকর এবং অ্যাক্সেসিবল কর্মক্ষেত্র তৈরি করা, এবং নীতিমালা ও কর্মসূচির ক্ষেত্রে সমতার প্রচার করার ব্যাপারে তাদের প্রয়াসের মাধ্যমে অসাধারণত্ব প্রদর্শন করেছে। তিনটি অ্যাওয়ার্ড নিম্নোক্ত ক্ষেত্রে প্রদান করা হয়:

- নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor)
- ডাঃ মিনোস্কা আলকান্টারা, নির্বাহী পরিচালক, নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষ (New York State Bridge Authority)
- টালিয়া স্ট্যান্টিয়াগো-বন্ডস, প্রধান বৈচিত্র্য কর্মকর্তা, নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health)

গভর্নরের প্রধান অক্ষমতা কর্মকর্তা কিম হিল রিডলি বলেন, "আরো সমতার এবং অন্তর্ভুক্তিকর পৃথিবী তৈরির ব্যাপারে মনোযোগ প্রদান করে এমন একটি প্রশাসনের অংশ হতে

পেরে আমি অত্যন্ত গর্বিত। গভর্নর হোকল জানেন যে বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তি অতি গুরুত্বপূর্ণ এবং DEIA তে A যোগ করার গুরুত্ব মনে রাখা অত্যাবশ্যকীয়। অ্যাক্সেসিবিলিটি একটি মৌলিক মানবাধিকার, এবং এটিকে অগ্রাধিকার প্রদান করার মাধ্যমে আমরা নিশ্চিত করতে পারবো যে সবাই মূল্যবান এবং অন্তর্ভুক্ত হওয়ার অনুভূতি লাভ করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের ভাষা অ্যাক্সেস অফিসের (Office of Language Access) নির্বাহী পরিচালক মার্গারিটা লারিয়োস বলেন, "সত্যিকারের বৈচিত্র্য উদযাপন করা এবং নিউ ইয়র্ক স্টেটে সমতা, অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসিবিলিটি অগ্রসর করার জন্য ভাষার ক্ষমতায়ন মুখ্য। DEIA এর কাজের অধিক পারস্পরিক নির্ভরতার প্রকৃতির কারণে বিশেষায়িত প্রশিক্ষণ প্রয়োজন এবং এছাড়াও বলীয়ান অংশীদারিত্ব প্রয়োজন যা প্রায়শই এই অনন্য সিম্পোজিয়ামের মতো সুযোগের মাধ্যমে শুরু হয় বা পাকাপোক্ত হয়। প্রধান বৈচিত্র্য কর্মকর্তা জুলিসা গুটিয়েরেজ এবং তার দলের নির্দেশনা এবং সারা বছরের আমাদের চলমান সহযোগিতার জন্য নিউ ইয়র্ক স্টেটের ভাষা অ্যাক্সেস অফিস তাদের প্রতি কৃতজ্ঞ, যার মধ্যে আজকের ইভেন্টটি রয়েছে যেখানে আমরা আমাদের বিস্তার ও সামগ্রিক প্রভাব অগ্রসর করার জন্য অনেক অনুপ্রেরণা ও সরঞ্জাম অর্জন করেছি। জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services, OGS) কমিশনার জিনেট ময়ের অটল সমর্থন এবং গভর্নর হোকলের সুচিন্তিত নেতৃত্ব মিলিত হয়ে আজকের মতো যে ঘটনা সম্ভব করে তা সকল নিউ ইয়র্কবাসীকে সেবাদান করতে পরিশ্রম অব্যাহত রাখার জন্য আমাদেরকে অনুপ্রাণিত করে।"

সিভিল সার্ভিস বিভাগের (Department of Civil Service) কমিশনার টিমোথি আর হগস বলেন, "স্টেটের কর্মশক্তিকে বলীয়ান করার জন্য এবং ব্যাপক ব্যাপ্তির আবেদনকারীদের উৎসাহিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিস বিভাগে আমরা কঠোর পরিশ্রম করছি যাতে তা এম্পায়ার স্টেটের দারুণ মোজাইককে এবং আমরা যে বহু অনন্য চেহারা, স্বর, পটভূমি ও ধারণার মানুষকে সেবাদান করি তা আরো ভালোভাবে প্রতিফলিত করতে পারে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, সকল নিউ ইয়র্কবাসীর জন্য, বিশেষ করে বৈচিত্র্যময় পটভূমি এবং সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীর জন্য সরকারি চাকরির প্রতিবন্ধকতা হ্রাস করতে এবং পথ সহজ করতে আমরা কাজ করছি। সরকারি চাকরিতে যোগ দেওয়া এবং একটি ফলপ্রসূ, ভালো বেতনের, স্থিতিশীল ক্যারিয়ার শুরু করা এবং একই সাথে দৈনন্দিন ভিত্তিতে অন্য নিউ ইয়র্কবাসীকে সাহায্য করা এখন অন্য যেকোনো সময়ের থেকে সহজ।"

নিউ ইয়র্কের প্রথম নারী গভর্নর হিসেবে গভর্নর হোকল DEIA এর পক্ষে আছেন। তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণে গভর্নর হোকল 300 এর বেশি পূর্ণকালীন চাকরিজীবী আছে এমন নির্বাহী নিয়ন্ত্রিত এজেন্সিসমূহকে একজন প্রধান বৈচিত্র্যময় কর্মকর্তা, বা বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তিতে (diversity, equity, and inclusion, DEI) পূর্ণকালীন নিবেদিত অন্য যেকোনো পদে নিয়োগদান করার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি, গভর্নর হোকল গভর্নরের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি অফিসের সাথে সহযোগিতায় স্টেটের সকল চাকরিজীবীর জন্য একটি DEI প্রশিক্ষণ তৈরি করতে চাকরিজীবী সম্পর্কের অফিসকে, এবং সেই সাথে গভর্নরের অফিসের সাথে সহযোগিতায় একটি বর্ণবাদবিরোধী প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও প্রদান করতে সিভিল সার্ভিস বিভাগকে নির্দেশ দিয়েছেন।

এছাড়াও, আরো বলীয়ান, আরো বৈচিত্র্যময় একটি কর্মশক্তি তৈরির জন্য গভর্নর হোকল একাধিক পদক্ষেপ গ্রহণ করেছেন। এইসব প্রয়াসের মধ্যে রয়েছে: সিভিল সার্ভিস পরীক্ষার আবেদন ফি নির্মূল করা, স্টেট সরকারে উপলভ্য কয়েক হাজার চাকরির প্রচার করার জন্য একটি জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করা, স্টেট সার্ভিসে ক্যারিয়ার খুঁজতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য সরকারে ক্যারিয়ারের কেন্দ্র স্থাপন করা, গভর্নরের অক্ষমতাসহ ব্যক্তি ও ভেটেরান নিয়োগ কর্মসূচির (55 b/c) মাধ্যমে সুযোগ সম্প্রসারিত করা, পুরো স্টেটে নতুন পরীক্ষা কেন্দ্রের জন্য তহবিল প্রদান করা এবং নিউ ইয়র্ক জরুরি সীমিত পদের জন্য স্টেটব্যাপী নিয়োগ (New York Hiring for Emergency Limited Placement Statewide, NY HELPS) কর্মসূচিটি সম্প্রসারিত করা যা সাধারণ জনগণের জন্য অ্যাক্সেসিবল কয়েক হাজার স্টেটের চাকরির শূন্যপদের সুযোগের জন্য সিভিল সার্ভিস পরীক্ষার আবশ্যিকতা অস্থায়ীভাবে মওকুফ করে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন